Work Flow Video on Community Vaccination Centre (translated script)

কমিউনিটি ভ্যাকসিনেশন সেন্টারের উপর ওয়ার্ক ফ্লো ভিডিও(অনুদিত স্ক্রিপ্ট)

	Voice-Over	ভয়েস-ওভার
1	The Government will set up Community Vaccination Centres in all 18 districts in Hong Kong to provide COVID-19 vaccinations for members of the public. People must make a reservation on the designated website's 24-hour booking system for the time and location of their vaccinations for both the first and second doses.	সরকার হংকং-এর ১৮টি জেলায় কমিউনিটি ভ্যাকসিনেশন সেন্টার স্থাপন করবে যাতে সমস্ত সাধারণ মানুষকে COVID-19 ভ্যাকসিন দেওয়া যায়। ভ্যাকসিনেশনের সময় ও স্থান পাওয়ার জন্য প্রথম ও দ্বিতীয় দুটি ডোজের ক্ষেত্রেই জনসাধারণকে নির্দিষ্ট ওয়েবসাইটের 24-ঘন্টার বুকিং সিস্টেমের মাধ্যমে বুকিং করতে হবে।
2.	Elderly people can be accompanied by not more than two carers. If the carers also wish to be vaccinated, they can make their bookings at the same time.	বয়স্ক মানুষরা সর্বাধিক দুজন দেখাশোনার লোক নিয়ে যেতে পারেন। দেখাশোনার লোকেরাও একসঙ্গে ভ্যাকসিন নিতে চাইলে এক সঙ্গে বুকিং করতে হবে।
	Aged 70 or above	70 বছর বা তার উর্ধ্বে

3.	After a successful booking, the website will display a confirmation notice. You will also receive an SMS notification. Please save the confirmation notice or SMS to show at the Community Vaccination Centre when you receive your vaccination.	সফল বুকিং-এর পর ওয়েবসাইটে একটি নিশ্চিতকরণের নোটিশ দেখাবে। আপনি একটি এসএমএস নোটিফিকেশনও পাবেন। নিশ্চিতকরণের নোটিশ বা এসএমএস নোটিফিকেশনটি সেভ করে রাখুন যাতে কমিউনিটি ভ্যাকসিনেশন সেন্টারে ভভাকসিন নিতে যাওয়ার সময় দেখাতে পারেন।
4.	Elderly people or people requiring special help with their booking can go to a post office or the management office of the public housing estate where they live for assistance.	বয়স্ক মানুষ বা বুকিং-এর জন্য সাহায্য দরকার এমন মানুষেরা একটি পোস্ট অফিস বা তাঁরা যেখানে বসবাস করেন সেই পাবলিক হাউজিং এস্টেটের ম্যানেজমেন্ট অফিসে সাহায্যের জন্য যেতে পারেন।
5.	On the day of vaccination, please arrive at the chosen Community Vaccination Centre at the reserved time with your identity document and priority group proof. Show your SMS notification or the confirmation notice to the reception counter staff.	ভ্যাকসিনেশনের দিনে নির্ধারিত সময়ে আপনার আইডি ও সংশ্লিষ্ট অগ্রাধিকারের শ্রেণির প্রমাণপত্র নিয়ে আপনার পছন্দের কমিউনিটি ভ্যাকসিনেশন সেন্টারে আসুন। রিসেপশন কাউন্টারের কর্মীর কাছে আপনার এসএমএস নোটিফিকেশন বা নিশ্চিতকরণের নোটিশ দেখান।

	People with temperature of 38°C or higher should not enter the centre.	38° সেলসিয়াস বা তার বেশি তাপমাত্রাযুক্ত ব্যক্তিরা সেন্টারে প্রবেশ করতে পারবেন না।
6.	You may then go to the information zone, where you can understand more about the vaccine you are taking by reading the fact sheet, watching the TV or scanning the QR code. After browsing the information, you may indicate your consent to be vaccinated by ticking the box on the fact sheet. If you have any queries about the vaccine or the inoculation, please seek help from the staff. They will also ask if you have any history of drug allergies or serious allergic reactions.	তারপর আপনি ইনফরমেশন জোনে যেতে পারেন, যেখানে তথ্যসূচী পড়ে, টিভি দেখে বা কিউআর কোড স্ক্যান করে আপনি যে ভ্যাকসিন নিতে চলেছেন তার বিষয়ে আরো তথ্য জানতে পারেন। তথ্যসমূহ দেখে তথ্যসূচীতে আপনি একটি বক্স টিক করে ভ্যাকসিন গ্রহণ বিষয়ে আপনার সম্মতি জানাতে পারেন। আপনার ভ্যাকসিন বা তার মাধ্যমে প্রাপ্ত প্রতিরোধ ক্ষমতা নিয়ে কোন জিজ্ঞাসা থাকলে কর্মীদের সাহায্য নিন। আপনার কোন ওষুধে অ্যালার্জি বা গুরুতর অ্যালার্জিক প্রতিক্রিয়া রয়েছে কিনা সে বিষয়ে তাঁরা জানতে চাইবেন।
7 .	While waiting for your inoculation, you may take out your identity card and roll up your sleeve to help with the registration and vaccination process.	প্রতিষেধক গ্রহণের জন্য অপেক্ষা করার সময় আপনি নিজের আইডি বের করে জামার হাতা উঠিয়ে রাখতে পারেন যাতে রেজিস্ট্রেশন ও ভ্যাকসিনেশন প্রক্রিয়া সহজ হয়।

8.	At the vaccination booth, the medical staff will ask you to insert your identity card into the card reader for registration purposes, and will administer the vaccination after confirming that you are suitable for it, and after receiving your consent.	ভ্যাকসিনেশন বুথে মেডিকাল কর্মীরা রেজিস্ট্রেশনের জন্য আপনার আইডি কার্ডকে কার্ড রিডারের মধভে প্রবেশ করাতে বলবে, এবং আপনার সম্মতি পাওয়ার পর আপনি ভ্যাকসিন গ্রহণের উপযুক্ত বিবেচনা করে আপনাকে ভ্যাকসিন দেবে।
9.	You will then be given a copy of your vaccination record.	তারপর আপনাকে আপনার ভ্যাকসিনেশন রেকর্ডের একটি প্রতিলিপি দেওয়া হবে।
10.	Please take a rest after the vaccination. Medical staff will check your condition. You should leave only if you do not have any discomfort.	অনুগ্রহ করে ভ্যাকসিন গ্রহণের পর বিশ্রাম নিন। স্বাস্থকর্মীরা আপনার অবস্থা পর্যবেক্ষণ করবে। আপনার কোন সমস্যা না থাকলে আপনি চলে যেতে পারেন।
11.	Remember to receive the second dose on the reserved date in order for the vaccine to work at its full effect. An SMS alert will be sent to remind you of your appointment.	ভ্যাকসিন যাতে সম্পূর্ণভাবে কাজ করে তার জন্য সংশ্লিষ্ট তারিখে দ্বিতীয় ডোজ নিতে ভুলবেন না। আপনাকে অ্যাপয়েন্টমেন্টের বিষয়ে মনে করাতে একটি এসএমএস অ্যালার্ট দেওয়া হবে।

12.	Apart from your paper vaccination record, you can also access your record through the eHealth and iAMSmart mobile apps.	কাগুজে ভ্যাকসিনেশন রেকর্ড ছাড়া আপনি eHealth এবং iAMSmart মোবাইল অ্যাপগুলির সাহায্যে আপনার রেকর্ড অ্যাকসেস করতে পারেন।